'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Major 2nd Semester Examination, 2024

## UBNGMAJ12002-BENGALI

### বাংলা সাহিত্যের ইতিহাস [আধুনিক যুগ : সংক্ষিপ্ত পরিচয়]

Time Allotted: 2 Hours 30 Minutes — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

Maynaguri College Library

১। যে-কোনো ***ছয়টি*** প্রশ্নের উত্তর দাওঃ — ২×৬ = ১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের দুইজন লেখকের নাম লেখো।

(খ) 'সংবাদ প্রভাকর' কবে প্রথম প্রকাশিত হয় ? এই পত্রিকার সম্পাদক কে ছিলেন ?

(গ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের দু'টি কবিতার নাম লেখো।

(ঘ) মধুসূদন দত্ত-র লেখা প্রথম বাংলা নাটক কোন্‌টি ? নাটকটির রচনাকাল লেখো।

(ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত দু'টি সামাজিক উপন্যাসের নাম লেখো।

(চ) দীনবন্ধু মিত্র-র রচিত দু'টি প্রহসনের নাম লেখো।

(ছ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা প্রথম উপন্যাসের নাম কী ? উপন্যাসটি কবে প্রকাশিত হয় ?

(জ) পরশুরাম কার ছদ্মনাম ? তাঁর রচিত দু'টি গল্পগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) 'তত্ত্ববোধিনী' পত্রিকা কবে প্রকাশিত হয় ? এই পত্রিকার দু'জন সম্পাদকের নাম লেখো।

(খ) নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থর নাম কী ? তাঁকে কী নামে অভিহিত করা হয় ? প্রথম কাব্যগ্রন্থ কত সালে প্রকাশিত হয় ?

(গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের তিনটি উপন্যাসের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

(ঘ) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের তিনটি পৌরাণিক নাটকের নাম লেখো।

(ঙ) 'বনফুল' কার ছদ্মনাম ? তাঁর রচিত গল্পগুলিকে কী নামে অভিহিত করা হয় ? তাঁর রচিত দু'টি গল্পগ্রন্থের নাম লেখো।

(চ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের তিনটি অনুবাদমূলক গ্রন্থের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

৩। যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৬×২ = ১২

(ক) রমেশচন্দ্র দত্ত-র ঐতিহাসিক উপন্যাসগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'বঙ্গদর্শন'-এর ভূমিকা নির্ণয় করো।

(গ) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটক সম্পর্কে মূল্যায়ন করো।

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'মানসী' পর্বের কাব্যরচনার গুরুত্ব আলোচনা করো।

৪। যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১২×২ = ২৪

(ক) কবি মধুসূদন দত্ত-র কাব্যগ্রন্থগুলির পরিচয় দিয়ে তাঁর মূল্যায়ন করো।

(খ) বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে রামমোহন রায়ের ভূমিকা আলোচনা করো।

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস রচনার প্রতিভার পরিচয় দাও।

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের পৌরাণিক ও ঐতিহাসিক নাটকগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

——×——